# [কৃষি দক্ষতা মূল্যায়নের পরীক্ষা] পরীক্ষা পরিচালনা পদ্ধতি

সেপ্টেম্বর, 2019
(সংশোধিত: এপ্রিল, 2020 সাল)

ন্যাশনাল চেম্বার অফ এগ্রিকালচার

[নির্দিষ্ট দক্ষতার রেসিডেন্ট স্ট্যাটাসের পরিচালনা পদ্ধতি সম্পর্কিত মৌলিক নীতি" (25 ডিসেম্বর, 2018 সালের মন্ত্রিসভার সিদ্ধান্ত) 3 (1) e এবং (2) c এর উপর ভিত্তি করে নির্ধারিত [নির্দিষ্ট দক্ষতার] জন্য পরীক্ষার নীতিমালা সম্পর্কে] (ইমিগ্রেশন সার্ভিসেস এজেন্সি অফ জাপান, 30 জানুয়ারী, 2020 সাল) (এর পরে [পরীক্ষার নীতিমালা] হিসাবে উল্লেখ করা হয়েছে) অনুসারে, কৃষিক্ষেত্রে নির্দিষ্ট দক্ষতা নং 1 এর সাথে সম্পর্কিত দক্ষতা পরীক্ষার (এরপরে [কৃষি দক্ষতা মূল্যায়নের পরীক্ষা] হিসাবে উল্লেখ করা হয়েছে) সঠিক বাস্তবায়ন নিশ্চিত করার জন্য, নিচের [কৃষি দক্ষতা মূল্যায়নের পরীক্ষা] পরীক্ষার পরিচালনা পদ্ধতি নির্ধারণ করা হয়েছে।

1 পরীক্ষার রূপরেখা

(1) বাস্তবায়নকারী সংস্থা

ন্যাশনাল চেম্বার অফ এগ্রিকালচার (এরপরে [ন্যাশনাল চেম্বার অফ এগ্রিকালচার ] হিসাবে উল্লেখিত) ।

(2) পরীক্ষার ভাষা

পরীক্ষা বাস্তবায়নকারী দেশের স্থানীয় ভাষা ও জাপানি ভাষা।

(3) বাস্তবায়ন পদ্ধতি

কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা (CBT) পদ্ধতি (দ্রষ্টব্য) বা লিখিত পরীক্ষার পদ্ধতিতে পরীক্ষা পরিচালনা করা হবে।

(দ্রষ্টব্য) পরীক্ষা কেন্দ্রে একটি কম্পিউটার ব্যবহার করে প্রশ্ন ও উত্তর প্রদান করা হবে বিধায়,পরীক্ষার্থীরা বুথের কম্পিউটার স্ক্রিনে প্রদর্শিত প্রশ্ন এবং হেডফোনে বাজানো কন্ঠস্বরের ভিত্তিতে স্ক্রীনে উত্তর প্রদান করবেন।

(4) অর্থবছরে বাস্তবায়নের সংখ্যা, সময় এবং অবস্থান

বাস্তবায়নের সংখ্যা, বাস্তবায়নের সময় এবং বাস্তবায়নের অবস্থান ন্যাশনাল চেম্বার অফ এগ্রিকালচার কর্তৃক কৃষি, বন ও মৎস্য মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে সিদ্ধান্ত নেওয়া হবে।

(5) পরীক্ষার যোগ্য প্রার্থী

পরীক্ষার দিন অনুযায়ী পরীক্ষার্থীকে কমপক্ষে 17 বছর বয়সী হতে হবে। তবে, যারা নিজের দেশে পরীক্ষা দিবেন, তাদের ক্ষেত্রে, রেসিডেন্ট স্ট্যাটাস সম্বলিত ব্যক্তিদের পরীক্ষার উদ্দিষ্ট ব্যক্তি হিসাবে নিয়ে, লিখিত নির্বাসন আদেশ (ডিপোর্টেশন অর্ডার) প্রয়োগে সহযোগিতা করার উদ্দেশ্যে, প্রজ্ঞাপনের মাধ্যমে বিচারমন্ত্রী কর্তৃক নির্ধারিত বিদেশী সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক জারি করা পাসপোর্ট যাদের নেই তাদেরকে বাদ দেয়া হবে।

(6) পরীক্ষা পরিচালনা করার সময় সর্তকতা অবলম্বনের বিষয় সমূহ

A. পরীক্ষার জন্য আবেদন করার জন্য প্রয়োজনীয় বিষয়গুলি, যেমন পরীক্ষার তারিখ, পরীক্ষার স্থান, পরীক্ষার আসন সংরক্ষণের সময়কাল, পরীক্ষার ফি এবং অর্থ প্রদানের পদ্ধতি, ন্যাশনাল চেম্বার অফ এগ্রিকালচার বা নিচের 2 (2) এর সেবা প্রদানের জন্য চুক্তিধারী সংস্থা কর্তৃক পরিচালিত উৎসর্গীকৃত ওয়েবসাইটে (এর পরে [উৎসর্গীকৃত ওয়েবসাইট] নাম অভিহিত।) পোস্ট করা হবে। পরীক্ষার জন্য আবেদন করার ক্ষেত্রে, একটি সাধারণ নিয়ম হিসাবে, উৎসর্গীকৃত ওয়েবসাইট থেকে পরীক্ষার আসন সংরক্ষণ করার প্রয়োজন রয়েছে।

B. বিদেশে পরীক্ষা বাস্তবায়ন করার সময়, স্থানীয় প্রাসঙ্গিক আইন এবং প্রবিধান মেনে চলে পরীক্ষা বাস্তবায়ন করতে হবে।

C. পরীক্ষার নীতিমালা অনুযায়ী, পরীক্ষায় উত্তীর্ণ হলেও, পরীক্ষায় ব্যক্তিকে [নির্দিষ্ট দক্ষতার] রেসিডেন্ট স্ট্যাটাসের নিশ্চয়তা প্রদান করা হয় না এবং পরীক্ষায় উত্তীর্ণ হওয়া ব্যক্তি রেসিডেন্ট স্ট্যাটাস অনুমোদনের জন্য আবেদন বা রেসিডেন্ট স্ট্যাটাস পরিবর্তনের জন্য আবেদন করলেও, রেসিডেন্ট স্ট্যাটাস বা রেসিডেন্ট স্ট্যাটাস পরিবর্তনের অনুমোদনের কোন নিশ্চয়তা প্রদান করা হয় না, উপরন্তু, রেসিডেন্ট স্ট্যাটাস অর্জন করলেও, ভিসার আবেদনের ক্ষেত্রে, পররাষ্ট্র মন্ত্রণালয় দ্বারা একটি পৃথক পরীক্ষা পরিচালনা করা হয় বিধায় ভিসা প্রাপ্তির কোন নিশ্চয়তা প্রদান করা হয় না এবং এটি সম্পর্কে পরীক্ষার নির্দেশিকাতে অবহিত করা হবে।

(7) উত্তীর্ণ বা অনুত্তীর্ণ হওয়ার নোটিশ প্রদানের পদ্ধতি

পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার 5 কার্যদিবসের মধ্যে, পরীক্ষার্থীর জন্য উৎসর্গীকৃত ওয়েবসাইটে স্কোর রিপোর্ট হিসাবে পরীক্ষার্থীদের তথ্য যেমন পরীক্ষার্থীর নাম, পরীক্ষার নাম, পরীক্ষার তারিখ, মুখের ছবি, সামগ্রিক স্কোর, উত্তীর্ণ বা অনুত্তীর্ণ হওয়া ইত্যাদি তথ্য প্রদানের ব্যবস্থা করা হবে।

2 পরীক্ষা বাস্তবায়নের পদ্ধতি

(1) পরীক্ষার প্রশ্ন তৈরির পদ্ধতি

ন্যাশনাল চেম্বার অফ এগ্রিকালচার পরীক্ষার প্রশ্ন তৈরি করার জন্য, কৃষি

ব্যবস্থাপনা/প্রযুক্তি, বিদেশীদের জন্য উচ্চ শিক্ষা ইত্যাদি বিষয়ে বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত বিশেষজ্ঞ কমিটির (এর পর থেকে [কমিটি] হিসেবে উল্লেখ করা হয়েছে) পাশাপাশি শস্য চাষ, পশুপালন এবং জাপানি ভাষার জন্য একটি বিশেষ উপকমিটি গঠন করা হবে।

বিশেষজ্ঞ উপ-কমিটি পরিচালনা পদ্ধতির 3 থেকে 5 এ নির্ধারিত বিষয়বস্তুর উপর ভিত্তি করে একটি খসড়া পরীক্ষার প্রশ্নপত্র প্রস্তুত করে, কমিটির কাছ থেকে অনুমোদন গ্রহণ করে পরীক্ষার প্রশ্নপত্র চূড়ান্ত করবে।

(2) পরীক্ষা বাস্তবায়নের পদ্ধতি

ন্যাশনাল চেম্বার অফ এগ্রিকালচার (1) পরীক্ষার প্রশ্নগুলি ব্যবহার করে একটি দক্ষতা মূল্যায়নের পরীক্ষা পরিচালনা করবে। এটি লক্ষণীয় যে, পরীক্ষা পরিচালনার ক্ষেত্রে, কৃষি, বন ও মৎস্য মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়ার পর, কাজের একটি অংশ অন্যান্য ব্যক্তিগত প্রতিষ্ঠান ইত্যাদিতে আউটসোর্স করা যাবে।

(3) পরীক্ষার যথাযথ পরিচালনা অনুসরণ করার পদ্ধতি

- ন্যাশনাল চেম্বার অফ এগ্রিকালচার পরীক্ষাটি পরিচালনা করার পরে কৃষি, বন ও মৎস্য মন্ত্রণালয়কে পরীক্ষার বাস্তবায়নের পরিস্থিতি সম্পর্কে রিপোর্ট করবে এবং প্রয়োজনীয় নির্দেশনা ও তদারকি গ্রহণ করবে।
- ন্যাশনাল চেম্বার অফ এগ্রিকালচার বছরে একবার কমিটিতে পরীক্ষার ফলাফল এবং প্রকল্প বাস্তবায়নের পরিস্থিতির উপর ভিত্তি করে প্রকল্পের প্রভাব যাচাই করবে।
- ন্যাশনাল চেম্বার অফ এগ্রিকালচার প্রতারণামূলক কর্মকাণ্ড পরিচালনাকারীদের জন্য পরীক্ষার ফলাফল (অতীতে অংশগ্রহণ করা পরীক্ষা সহ) বাতিল করার মতো ব্যবস্থা নিতে পারবে।

3 পরীক্ষার লেভেল বা স্তর

কোনো ব্যক্তির জাপানে 3 বছর বা তার বেশি কাজের অভিজ্ঞতা থাকলে, উত্তীর্ণ হওয়ার স্তর বা লেভেল প্রায় 70% (শস্য চাষ ও পশুপালনের কারিগরি ইন্টার্ন প্রশিক্ষণের ক্ষেত্রে কৃষি কারিগরি ইন্টার্ন প্রশিক্ষণ মূল্যায়ন পরীক্ষার (বিশেষ গ্রেড) একই লেভেল বা স্তর)।

4 পরীক্ষার বিষয়বস্তু

পরীক্ষাটিতে একাডেমিক বা তাত্ত্বিক পরীক্ষা এবং ব্যবহারিক পরীক্ষা রয়েছে (কাজের জন্য প্রয়োজনীয় জাপানি ভাষার দক্ষতা নিশ্চিতকরণ সহ), এবং প্রশ্নের পরিসর নিম্নরূপ। উপরন্তু, পরীক্ষার সময় হল 60 মিনিট, এবং পরীক্ষার প্রশ্নের সংখ্যা প্রায় 70টি (সঠিক উত্তরের হার বিশ্লেষণের জন্য স্কোরের উদ্দিষ্ট নয় এমন প্রশ্ন সহ)।

(1) শস্য চাষ সমগ্র

① বিভাগ

- সাধারণ শস্য চাষ
- নিরাপত্তা এবং স্বাস্থ্য
- চাষকৃত ফসলের জাত এবং বৈশিষ্ট্য
- চাষাবাদের পরিবেশ (সুবিধা / সরঞ্জাম / উপকরণ / যন্ত্রপাতি)
- চাষের পদ্ধতি এবং ব্যবস্থাপনা
- রোগ, কীটপতঙ্গ এবং আগাছা নিয়ন্ত্রণ
- ফসল কাটা ও তোলা, সমন্বয় করা, সংরক্ষণ করা, পরিবহন করা, ইত্যাদি

② ব্যবহারিক দক্ষতা (চিত্র এবং ছবির ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ)

- মাটি পর্যবেক্ষণ
- সার এবং কীটনাশক পরিচালনা
- বীজ পরিচালনা
- পরিবেশ ব্যবস্থাপনা, উপকরণ / সরঞ্জাম / যন্ত্রপাতির পরিচালনা
- চাষাবাদ সম্পর্কিত কাজ
- নিরাপত্তা এবং স্বাস্থ্য ইত্যাদি

③ জাপানি ভাষা

- জাপানি ভাষায় নির্দেশিত কৃষি কাজের বিষয়বস্তু ইত্যাদি সম্পর্কে শ্রবণ করা

(2) পশুপালন সমগ্র

① বিভাগ

- সাধারণ পশুপালন
- নিরাপত্তা এবং স্বাস্থ্য
- জাত
- প্রজনন / শরীরবিদ্যা
- খাদ্য প্রদান ব্যবস্থাপনা, ইত্যাদি

② ব্যবহারিক দক্ষতা (চিত্র এবং ছবির ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ)

- স্বতন্ত্র পরিচালনা
- স্বতন্ত্র পর্যবেক্ষণ
- খাদ্য ব্যবস্থাপনা, সরঞ্জাম পরিচালনা
- পণ্য পরিচালনা
- নিরাপত্তা এবং স্বাস্থ্য ইত্যাদি

③ জাপানি ভাষা

- জাপানি ভাষায় নির্দেশিত কৃষি কাজের বিষয়বস্তু ইত্যাদি সম্পর্কে শ্রবণ করা

## 5 উত্তীর্ণ বা অনুত্তীর্ণ হওয়ার মানদণ্ড

মোট স্কোর ন্যাশনাল চেম্বার অফ এগ্রিকালচার কর্তৃক নির্ধারিত মানদণ্ডের স্কোরের বেশি হতে হবে।

## 6 পরীক্ষার জালিয়াতি প্রতিরোধ ব্যবস্থা

পরীক্ষার্থীদের ব্যাপ্তি অনুসারে উপযুক্ত সংখ্যক পরীক্ষার সুপারভাইজার নিয়োগ করা হবে এবং পরীক্ষাটি যথাযথভাবে বাস্তবায়ন করা হবে।

এছাড়াও, পরীক্ষার সুপারভাইজারদের জন্য প্রশিক্ষণ, পরীক্ষার প্রশ্নের কঠোর ব্যবস্থাপনা, পাসপোর্ট ব্যবহার করে পরিচয় যাচাইকরণের মতো প্রতারণা প্রতিরোধ, বহন করা বস্তু পরীক্ষা করা , স্মার্টফোনের মতো টেলিযোগাযোগ সুবিধা সম্বলিত হ্যান্ডহেল্ড টার্মিনালের পুঙ্খানুপুঙ্খ ব্যবস্থাপনা ইত্যাদির মতো প্রতারণা রোধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

## 7 পরীক্ষার ফলাফল প্রকাশের পদ্ধতি

পরীক্ষার প্রতি মাসে, বাস্তবায়নের রূপরেখা যেমন বাস্তবায়নের তারিখ এবং বাস্তবায়নের স্থান ও পরীক্ষার্থীর সংখ্যা, রেফারেন্স পয়েন্ট অর্জনকারীর হার, ইত্যাদির মতো পরীক্ষার ফলাফল সম্পর্কিত ডেটা ন্যাশনাল চেম্বার অফ এগ্রিকালচার দ্বারা পরিচালিত ওয়েবসাইটে ঘোষণা করা হবে।

এছাড়াও, প্রতিটি অর্থ বছর শেষ হওয়ার পরে, বিচার মন্ত্রণালয়ের কাছে অবিলম্বে পরীক্ষা বাস্তবায়নের পরিস্থিতি প্রতিবেদন (পরিচালিত পরীক্ষার বিষয়বস্তু এবং ফলাফলের সারাংশ সহ) জমা দেওয়া হবে এবং বিচার মন্ত্রণালয়ের কাছ থেকে অনুমোদন গ্রহণ করে প্রতিবেদনটি প্রকাশ করা হবে।

## 8 অন্যান্য প্রয়োজনীয় বিষয়বস্তু

### (1) স্কোর রিপোর্টের মেয়াদ শেষ হওয়ার তারিখ

পরীক্ষার তারিখ থেকে 10 বছর পর্যন্ত স্কোর রিপোর্ট বৈধ বলে বিবেচিত হবে। তবে, ন্যাশনাল চেম্বার অফ এগ্রিকালচারে পরীক্ষার ফলাফলের ডেটা সংরক্ষন করার সময়কাল 5 বছর।

### (2) স্কোর রিপোর্ট পুনঃ প্রকাশ

উপরের 8 (1) এ নির্ধারিত পরীক্ষার ফলাফলের ডেটা সংরক্ষন করার সময়কালের মধ্যে যেকোন সময় উৎসর্গকৃত ওয়েবসাইট থেকে স্কোর রিপোর্ট গ্রহণ করা যাবে।

### (3) ব্যক্তিগত তথ্যের সুরক্ষা

ন্যাশনাল চেম্বার অফ এগ্রিকালচার যথাযথভাবে প্রাসঙ্গিক আইন ও প্রবিধান অনুযায়ী কৃষি দক্ষতা মূল্যায়নের পরীক্ষার প্রস্তুতি ও বাস্তবায়নে অর্জিত ব্যক্তিগত তথ্য পরিচালনা করবে।